গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

## সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৩

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৬

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে বিগত ০৩ বছরে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উল্লেখযোগ্য ও প্রধান পদক্ষেপ হচ্ছে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ সংশোধনের মাধ্যমে (সংশোধনী-২০১৩) সময়োপযোগী করা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ প্রণয়ন করা। আইএলও কনভেনশন-১৮২ (নিকৃষ্ট ধরণের শিশুশ্রম নিরসন কনভেনশন-১৯৯৯) বাস্তবায়নে ৩৮টি শ্রমকে শিশুদের জন্য ঝুঁকিপূর্ণ ঘোষণা করা হয়েছে এবং শিশুশ্রম নিরসনে জাতীয় কাউন্সিল গঠন করা হয়েছে। গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতিমালা ২০১৫ জারী করা হয়েছে। মোট ৪২ (বিয়াল্লিশ)টি বেসরকারি শিল্প সেক্টরের ৩৮টি শিল্প সেক্টরের শ্রমিকদের জন্য নিম্নতম মজুরি পুনঃনির্ধারণ করা হয়েছে। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরকে অধিদপ্তরে উন্নীত করে এর জনবল প্রায় তিনগুন বৃদ্ধি করা হয়েছে। বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন বিধিমালা মোতাবেক শ্রমিকদের জন্য বাংলাদেশ জীবন বীমা কর্পোরেশনের সহায়তায় ৪টি সেক্টরের জন্য ০৫ (পাঁচ) বছর মেয়াদী গোষ্ঠি বীমা স্কীম চালু করা হয়েছে। শ্রম পরিদপ্তরের ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের লাইসেন্স প্রদান ও নবায়ন সংক্রান্ত অন-লাইন কার্যক্রম চালু করা হয়েছে। জাতীয় মজুরি ও উৎপাদনশীলতা কমিশন-২০১৫ গঠন করা হয়েছে। জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিগত ২০১৬ থেকে প্রতি বছর ২৮ এপ্রিল "জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস" পালন করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

শ্রমজীবী মানুষের মৌলিক চাহিদা পূরণ, স্বল্প সময়ের মধ্যে দারিদ্র্য বিমোচন, নারীর ক্ষমতায়ন, কর্মসংস্থান সৃষ্টি, নিম্নতম মজুরি পুনঃনির্ধারণ, শ্রম কল্যাণ, শিশু শ্রম নিরসন, নিরাপদ কর্মপরিবেশ সৃষ্টি, আন্তর্জাতিক পরিমন্ডলে অধিকতর সমন্বয় সাধন ও আস্থার পরিবেশ সৃষ্টি, শিল্প ও ব্যবসা বাণিজ্য সম্প্রসারণে সহায়ক ভূমিকা পালন ।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

সকল কারখানা ও প্রতিষ্ঠানকে পরিদর্শনের আওতায় নিয়ে আসা এবং বাংলাদেশ শ্রম আইন অনুযায়ী কমপ্লাইন্স নিশ্চিত করা, জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা একাডেমি প্রতিষ্ঠা, শ্রম পরিদপ্তরকে অধিদপ্তরে উন্নীতকরণ, বিদ্যমান শ্রম কল্যাণ কেন্দ্রগুলোকে শ্রমিকদের যথাযথ সেবা প্রদানের জন্য উন্নয়ন সাধন, বিশেষত বেকার যুবক ও যুব মহিলাদের সমন্বিত কারিগরি প্রশিক্ষণের আওতায় নিয়ে এসে দেশে ও বিদেশে কর্মসংস্থানের উপযোগী হিসেবে গড়ে তোলা এবং শিশু শ্রম নিরসনে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা ।

**২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ০৫(পাঁচ) বছর অতিক্রান্ত ৩টি শিল্প সেক্টরের নিম্নতম মজুরি পুনঃনির্ধারণ;
- ৩১০০০ কলকারখানা ও প্রতিষ্ঠানে পরিদর্শন কার্যক্রম পরিচালনা;
- অনলাইন ট্রেড ইউনিয়ন নিবন্ধন এবং ১১৭০০ টি কলকারখানা ও প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদান ও নবায়ন ;
- পর্যায়ক্রমে সকল কারখানা ও প্রতিষ্ঠানকে লাইসেন্স এর আওতায় নিয়ে আসা;
- বাংলাদেশ শ্রম আইন সম্পর্কে কারখানা ও প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিকদের উদ্বুদ্ধকরণ;
- অধিক সংখ্যক দক্ষ জনশক্তি তৈরি, কর্মমুখী প্রশিক্ষণ প্রদান ও বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন এবং কর্মকর্তা ও কর্মচারীদের জন্য অধিকসংখ্যক অভ্যন্তরীণ প্রশিক্ষণের আয়োজন;
- শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন কার্যক্রম আরও বিস্তৃত করা এবং ডিজিটাল সেন্টার ও ই-পোষ্ট সেন্টার থেকে সেবা প্রদান ;
- রাষ্ট্রায়ত্ত ও স্বায়ত্তশাসিত ৬টি করপোরেশনের আওতাধীন শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকদের মজুরি পুন:নির্ধারন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৭ সালের জুলাই মাসের ০৬ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

শোভন (Decent) কর্মপরিবেশ এবং শ্রমিকদের উন্নত জীবনমান।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

শিল্প-প্রতিষ্ঠানে নিরাপদ কর্ম পরিবেশ সৃজন, শান্তিপূর্ণ শিল্প সম্পর্ক বজায় রাখা, শিশুশ্রম নিরসন এবং দক্ষ শ্রমশক্তি সৃষ্টির মাধ্যমে উৎপানদশীলতা বৃদ্ধি।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কারখানা ও প্রতিষ্ঠানে কর্ম পরিবেশ উন্নয়ন এবং শ্রমিকদের কল্যাণ জোরদারকরণ

২. শ্রম সম্পর্কিত কমপ্লাইন্স উন্নয়ন

৩. দক্ষ শ্রমশক্তি সৃষ্টির মাধ্যমে কর্মসংস্হানের সুযোগ সৃষ্টি

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন

২. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন

৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা

### ১.৪ কার্যাবলি (Functions)

১. শ্রমিকদের শিক্ষা, কল্যাণ সাধন ও সামাজিক নিরাপত্তা বিধান;

২. শ্রম প্রশাসন , প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষিত জনশক্তি তৈরি ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি;

৩. ট্রেড ইউনিয়ন নিবন্ধন, শিল্প ও শ্রম বিরোধ নিষ্পত্তি, নিম্নতম মজুরি নির্ধারণ ও বাস্তবায়ন এবং শিল্প কারখানা নিবন্ধন কার্যক্রম;

৪. শ্রম আইন প্রণয়ন, প্রয়োগ এবং শিশু শ্রম নিরসন;

৫. শ্রম ও জনশক্তি ব্যবস্থাপনার ক্ষেত্রে আই.এল.ও.সহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থাসমূহের সঙ্গে কাজ করা ও চুক্তি সম্পাদন;

৬. দেশে সরকারি ও বেসরকারি পর্যায়ে মানব সম্পদের দক্ষতা উন্নয়ন ও কর্মমুখি প্রশিক্ষণ কার্যক্রমের সমন্বয়; এবং

৭. কারখানা ও প্রতিষ্ঠানে কমপ্লাইন্স নিশ্চিতকরণ।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | | |
| কারখানার চূড়ান্ত কমপ্লাইন্স | কমপ্লাইন্স নিশ্চিতকৃত কারখানা | % | ৬৫ | | ৭২ | ৭৩ | ৭৪ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| বেসরকারি শিল্প সেক্টরে নিম্নতম মজুরী নির্ধারণ | নিম্নতম মজুরি নির্ধারণকৃত শিল্প সেক্টর | % | ৫০ | | ৬০ | ৬৩ | ৬৪ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং নিম্নতম মজুরি বোর্ড | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| শিল্প সর্ম্পক উন্নয়ন | নিস্পত্তিকৃত শ্রম বিরোধ | % | ১০০ | | ১০০ | ১০০ | ১০০ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং শ্রম পরিদপ্তর | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| শিশুশ্রম নিরসন | শিশুশ্রম নিরসনকৃত শিল্প সেক্টর | সংখ্যা | ২ | | ১ | ১ | ১ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] কারখানা ও প্রতিষ্ঠানে কর্ম পরিবেশ উন্নয়ন এবং শ্রমিকদের কল্যাণ জোরদারকরণ | ৪০ | [১.১] ট্রেড ইউনিয়ন নিবন্ধনের আবেদন | [১.১.১] আবেদন নিষ্পত্তিকৃত | % | ৭.০০ | ১০০ | ১০০ | ১০০ | ৯৮ | ৯৬ | ৯৩ | ৯০ | ১০০ | ১০০ |
| | | [১.২] সিবিএ নির্বাচন পরিচালনা | [১.২.১] পরিচালিত সিবিএ নির্বাচন | % | ৬.০০ | ১০০ | ১০০ | ১০০ | ৯৮ | ৯৬ | ৯৩ | ৯০ | ১০০ | ১০০ |
| | | [১.৩] সালিশী কার্যক্রমের মাধ্যমে শ্রম বিরোধ নিষ্পত্তি | [১.৩.১] নিষ্পত্তিকৃত শ্রমবিরোধ | % | ৬.০০ | ১০০ | ১০০ | ১০০ | ৯৯ | ৯৮ | ৯৭ | ৯৬ | ১০০ | ১০০ |
| | | [১.৪] শ্রমিক কর্মচারী, মালিক এবং শ্রম প্রশাসনের সাথে জড়িত কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [১.৪.১] প্রশিক্ষণপ্রাপ্ত জনবল | সংখ্যা | ৬.০০ | ৯৩১১ | ৯৬০০ | ৯৭০০ | ৯৬৫০ | ৯৬৪০ | ৯৬৩০ | ৯৬০০ | ৯৮০০ | ৯৯০০ |
| | | [১.৫] বেসরকারি শিল্প সেক্টরে কর্মরত শ্রমিক-কর্মচারীদের নিম্নতম মজুরি নির্ধারণ | [১.৫.১] নিম্নতম মজুরি নির্ধারণকৃত শিল্প সেক্টর | সংখ্য | ৪.০০ | ০ | ৬ | ৩ | ২ | ১ | ০ | ০ | ৪ | ৪ |
| | | [১.৬] ডিজিটাল সেন্টার ও ই-পোষ্ট সেন্টার থেকে সেবা প্রদান | [১.৬.১] অনুদানপ্রাপ্ত শ্রমিক ও তাদের পরিবারের সদস্য | সংখ্যা | ৪.০০ | ০ | ৩০০০ | ৪০০০ | ৩৯০০ | ৩৮০০ | ৩৭০০ | ৩৬০০ | ৪৫০০ | ৫০০০ |
| | | [১.৭] অংশগ্রহণকারী কমিটির নির্বাচন পরিচালনা | [১.৭.১] নির্বাচন পরিচালিত | সংখ্যা | ২.০০ | ০ | ১০০ | ১২০ | ১১৫ | ১১০ | ১০৫ | ১০০ | ১২৫ | ১৩০ |
| | | [১.৮] কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শনের মাধ্যমে শ্রম বিরোধ প্রতিরোধ ও নিষ্পত্তি | [১.৮.১] পরিদর্শনের মাধ্যমে নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ৫.০০ | ০ | ৫০ | ৫৫ | ৫৪ | ৫৩ | ৫২ | ৫১ | ৬০ | ৬৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [২] শ্রম সম্পর্কিত কমপ্লাইন্স উন্নয়ন | ৩০ | [২.১] বেসরকারি সেক্টরে কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণ নিশ্চিতকরণ | [২.১.১] কমপ্লাইন্স নিশ্চিতকৃত কারখানা ও প্রতিষ্ঠান | সংখ্যা | ৬.০০ | ২৬৮৪ | ২৫০০ | ২৬০০ | ২৫০০ | ২৪০০ | ২৩০০ | ২২০০ | ২৪০০ | ২৫০০ |
| | | [২.২] পরিদর্শন কার্যক্রম পরিচালনা | [২.২.১] পরিদর্শনকৃত কারখানা ও প্রতিষ্ঠান | সংখ্যা | ৬.০০ | ২৮৩২৯ | ৩০৫০০ | ৩১০০০ | ৩০৯০০ | ৩০৮০০ | ৩০৭০০ | ৩০৬০০ | ৩২০০০ | ৩৩০০০ |
| | | [২.৩] উদ্বুদ্ধকরণ অনুষ্ঠান পরিচালনা | [২.৩.১] আয়োজিত উদ্বুদ্ধকরণ অনুষ্ঠান | সংখ্যা | ৪.০০ | ৫৭৬ | ৪৫০ | ৪৪০ | ৪৩০ | ৪২০ | ৪১০ | ৪০০ | ৫০০ | ৫৫০ |
| | | [২.৪] শ্রম আইন ভঙ্গকারী কারখানা ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলা দায়ের | [২.৪.১] দায়েরকৃত মামলা | সংখ্যা | ৫.০০ | ১১৩৫ | ১০০০ | ১১০০ | ১০৯০ | ১০৮০ | ১০৭০ | ১০৬০ | ১২০০ | ১৩০০ |
| | | [২.৫] কারখানা ও প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদান ও নবায়ন | [২.৫.১] প্রদানকৃত লাইসেন্স | সংখ্যা | ৫.০০ | ৪৫০২ | ৩৬৫০ | ৩৭০০ | ৩৬৫০ | ৩৬৪০ | ৩৬৩০ | ৩৬২০ | ৩৮০০ | ৩৮৫০ |
| | | | [২.৫.২] নবায়নকৃত লাইসেন্স | সংখ্যা | ৪.০০ | ১০২১৮ | ৭৫০০ | ৮০০০ | ৭৯৫০ | ৭৯৪০ | ৭৯২০ | ৭০০০ | ৮৫০০ | ৯০০০ |
| [৩] দক্ষ শ্রমশক্তি সৃষ্টির মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | ১০ | [৩.১] দক্ষ জনশক্তি তৈরি, কর্মমুখী প্রশিক্ষণ প্রদান এবং বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন | [৩.১.১] প্রশিক্ষণে ও ওয়ার্কশপে অংশগ্রহণকারী | সংখ্যা | ৬.০০ | ২৮৯৪ | ৩১০০ | ৩২০০ | ৩১৯০ | ৩১৮০ | ৩১৭০ | ৩১৬০ | ৩২৫০ | ৩৩০০ |
| | | | [৩.১.২] প্রশিক্ষণ ঘণ্টা | সংখ্যা | ২.০০ | ২৯৪ | ৫০০ | ৫৫০ | ৫৪০ | ৫৩০ | ৫২০ | ৫১০ | ৬০০ | ৬৫০ |
| | | | [৩.১.৩] প্রশিক্ষণার্থী | সংখ্যা | ২.০০ | ৫৯৭ | ৭০০ | ৭৫০ | ৭৪০ | ৭৩০ | ৭২০ | ৭১০ | ৭৫০ | ৮০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | % | ১.০০ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | | |
| | | [১.২] ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | [১.২.১] ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | ০.৫০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ২০১৬-১৭ অর্থবছরে প্রণীত তালিকা অনুযায়ী কমপক্ষে দুটি করে অনলাইন সেবা চালু করা | [১.৩.১] ন্যূনতম দুটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৭ | ০৭-১২-২০১৭ | ১৪-১২-২০১৭ | ২১-১২-২০১৭ | ২৮-১২-২০১৭ | | |
| | | [১.৪] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | [১.৪.১] উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের ডাটাবেস প্রস্তুতকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৭ | ১৪-০৯-২০১৭ | ২৮-০৯-২০১৭ | ১২-১০-২০১৭ | ৩১-১০-২০১৭ | | |
| | | | [১.৪.২] উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড | % | ১.০০ | | | ৪০ | ৩০ | ২৫ | ২০ | ১০ | | |
| | | [১.৫] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [১.৫.১] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৯-২০১৭ | ২৮-০৯-২০১৭ | ১২-১০-২০১৭ | ৩১-১০-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |
| | | [১.৬] মন্ত্রণালয়/বিভাগের প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৬.১] তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.৬.২] শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫০ | | | ১১-০১-২০১৮ | ১৮-০১-২০১৮ | ২২-০১-২০১৮ | ২৫-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | | |
| | | [১.৭] সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান | [১.৭.১] সিটিজেন্স চার্টার বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-১২-২০১৭ | ১৫-০১-২০১৮ | ২২-০১-২০১৮ | ০৮-০২-২০১৮ | ২২-০২-২০১৮ | | |
| | | [১.৮] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৮.১] নিস্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ০.৫০ | | | ১২ | ১১ | | | | | |
| | | | [১.৮.২] নিস্পত্তিকৃত অভিযোগ | % | ০.৫০ | | | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | | |
| [২] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৪ | [২.১] ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [২.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ০.৫০ | | | ২৩-০৪-২০১৭ | ২৪-০৪-২০১৭ | ২৫-০৪-২০১৭ | ২৬-০৪-২০১৭ | ২৭-০৪-২০১৭ | | |
| | | [২.২] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ০৮-০৮-২০১৭ | ১০-০৮-২০১৭ | ১৩-০৮-২০১৭ | ১৬-০৮-২০১৭ | ১৭-০৮-২০১৭ | | |
| | | [২.৩] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [২.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | | | | | |
| | | [২.৪] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | ০১-০২-২০১৮ | ০৫-০২-২০১৮ | ০৬-০২-২০১৮ | | |
| | | [২.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [২.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-০৬-২০১৮ | ১৮-০৬-২০১৮ | ১৯-০৬-২০১৮ | ২০-০৬-২০১৮ | ২১-০৬-২০১৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | [৩.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [৩.২] স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.২.১] স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০১-০২-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ২৮-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | | |
| | | | [৩.২.২] অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০১-০২-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ২৮-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | | |
| | | [৩.৩] মন্ত্রণালয়/বিভাগে কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | [৩.৩.১] কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৭ | ২৯-১০-২০১৭ | ১৫-১১-২০১৭ | ৩০-১১-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |
| [৪] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | [৪.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৪.১.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৪.২] ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করা | [৪.২.১] শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ০.৫০ | | | ১৩-০৭-২০১৭ | ৩১-০৭-২০১৭ | | | | | |
| | | [৪.৩] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিল করা | [৪.৩.১] ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৫.২] স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | [৫.২.১] স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | ০.৫০ | | | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | | |
| | | [৫.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৭ | ২৯-১০-২০১৭ | ১৫-১১-২০১৭ | ৩০-১১-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ............................................<br>সচিব<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ০৬/০৪/২০১৭<br>............................................<br>তারিখ |
| ............................................<br>মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ............................................<br>তারিখ |

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এনএসডিসি | ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কাউন্সিল |
| ২ | সিএসআর | কমিউনিটি সোশ্যাল রেসপন্সিবিলিটি |
| ৩ | আইএলও | ইন্টারন্যাশনাল লেবার অর্গানাইজেশন |
| ৪ | ইউএনএফপিএ | ইউনাইটেড ন্যাশনস্ পপুলেশন ফান্ড |
| ৫ | বিজিএমইএ | বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার এক্সপোর্টার্স এসোসিয়েশন |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] ট্রেড ইউনিয়ন নিবন্ধনের আবেদন | [১.১.১] আবেদন নিষ্পত্তিকৃত | কারখানা ও প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকদের স্বার্থ রক্ষা ও কল্যণের জন্য ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন প্রদান করা হয়। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের পক্ষে রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়ন হিসেবে শ্রম পরিচালক, শ্রম পরিদপ্তর রেজিস্ট্রেশন প্রদান করে থাকেন। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও শ্রম পরিদপ্তর | সংশ্লিষ্ট রেকর্ড পরীক্ষা এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.২] সিবিএ নির্বাচন পরিচালনা | [১.২.১] পরিচালিত সিবিএ নির্বাচন | শ্রম আইনের বিধান অনুযায়ী রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়ন হিসেবে শ্রম পরিচালক অথবা তার প্রতিনিধি কোন কোন ক্ষেত্রে প্রয়োজনীয়তা নিরিখে সরাসরি সিবিএ নির্বাচন পরিচালনা করে থাকে। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও শ্রম পরিদপ্তর | সংশ্লিষ্ট রেকর্ড পরীক্ষা এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৩] সালিশী কার্যক্রমের মাধ্যমে শ্রম বিরোধ নিষ্পত্তি | [১.৩.১] নিষ্পত্তিকৃত শ্রমবিরোধ | কখনো কখনো শ্রমিক ও মালিকেদের মধ্যে শ্রম বিরোধ দেখা দেয়। এসব ক্ষেত্রে কোন পক্ষ যদি শ্রম পরিচালকের নিকট আনুষ্ঠানিক অভিযোগ দাখিল করেন সে ক্ষেত্রে শুনানির মাধ্যমে শ্রম বিরোধ নিষ্পত্তি করা হয়। তবে অধিকাংশ ক্ষেত্রেই অনানুষ্ঠানিকভাবে অভিযোগ প্রাপ্তির পর শ্রম পরিদপ্তর কর্তৃক আলোচনার মাধ্যমে শ্রম বিরোধ নিষ্পত্তি করা হয়ে থাকে। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও শ্রম পরিদপ্তর | সংশ্লিষ্ট রেকর্ড পরীক্ষা এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালযের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৪] শ্রমিক কর্মচারী, মালিক এবং শ্রম প্রশাসনের সাথে জড়িত কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [১.৪.১] প্রশিক্ষণপ্রাপ্ত জনবল | শ্রম পরিদপ্তর কর্তৃক ৪টি শিল্প সর্ম্পক শিক্ষায়তন এবং ২৯টি শ্রম কল্যাণ কেন্দ্র পরিচালনা করা হয়ে থাকে। এসব প্রতিষ্ঠানের মাধ্যমে কারখানা ও প্রতিষ্ঠানের মালিক, শ্রমিক ও শ্রম প্রশাসনের সাথে জড়িত কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও শ্রম পরিদপ্তর | সংশ্লিষ্ট রেকর্ড পরীক্ষা এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৫] বেসরকারি শিল্প সেক্টরে কর্মরত শ্রমিক-কর্মচারীদের নিম্নতম মজুরি নির্ধারণ | [১.৫.১] নিম্নতম মজুরি নির্ধারণকৃত শিল্প সেক্টর | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন নিম্নতম মজুরি বোর্ড বাংলাদেশের ব্যক্তিমালিকানাধীন শিল্প সেক্টরের শ্রমিকদের নিম্নতম মজুরি নির্ধারণের সুপারিশ করে থাকে। নিম্নতম মজুরি বোর্ডের সুপারিশ বিবেচনাপূর্বক শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে শিল্প সেক্টরের শ্রমিক কর্মচারীদের নিম্নতম মজুরি ঘোষণা করেন। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও নিম্নতম মজুরি বোর্ড | সংশ্লিষ্ট রেকর্ড পরীক্ষা এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৬] ডিজিটাল সেন্টার ও ই-পোষ্ট সেন্টার থেকে সেবা প্রদান | [১.৬.১] অনুদানপ্রাপ্ত শ্রমিক ও তাদের পরিবারের সদস্য | শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিল থেকে এ সংক্রান্ত আইন ও বিধিমালা অনুযায়ী শ্রমিকদের বিভিন্ন ক্ষেত্রে অনুদান ও গোষ্ঠি বীমার প্রিমিয়াম এর একটি অংশ প্রদান করা হয়ে থাকে। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সংশ্লিষ্ট রেকর্ড পরীক্ষা এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৭] অংশগ্রহণকারী কমিটির নির্বাচন পরিচালনা | [১.৭.১] নির্বাচন পরিচালিত | অন্যূন ৫০ জন শ্রমিক সাধারণত কর্মরত আছেন। এরূপ প্রত্যেক প্রতিষ্ঠানে বিধি ধারা নির্ধারিত পন্থায় মালিক ও শ্রমিক প্রতিনিধির সমন্বয়ে একটি অংশগ্রহণকারী কমিটি গঠন করা হয়। | শ্রম পরিদপ্তর | সংশ্লিষ্ট রেকর্ড পরীক্ষা এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৮] কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শনের মাধ্যমে শ্রম বিরোধ প্রতিরোধ ও নিষ্পত্তি | [১.৮.১] পরিদর্শনের মাধ্যমে নিষ্পত্তিকৃত অভিযোগ | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর নিয়মিত কারখানা ও প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করে থাকে। এসব পরিদর্শন ছাড়াও কোন অভিযোগ পাওয়া গেলে সেখানে পরিদর্শক পাঠিয়ে শ্রম সমস্যা নিরসন করা হয়। | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | সংশ্লিষ্ট রেকর্ড পরীক্ষা এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.১] বেসরকারি সেক্টরে কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণ নিশ্চিতকরণ | [২.১.১] কমপ্লাইন্স নিশ্চিতকৃত কারখানা ও প্রতিষ্ঠান | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের পরিদর্শকগণ নিয়মিতভাবে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন করে থাকে। এসব ক্ষেত্রে তারা একটি চেকলিষ্ট অনুসরণ করে পরিদর্শন কাযক্রম পরিচালনা করেন। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং কলকারখানা ও প্রতষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | সংশ্লিষ্ট রেকর্ড পরীক্ষা এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.২] পরিদর্শন কার্যক্রম পরিচালনা | [২.২.১] পরিদর্শনকৃত কারখানা ও প্রতিষ্ঠান | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের পরিদর্শকগণ নিয়মিতভাবে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন করে থাকে। এক্ষেত্রে তারা একটি চেকলিষ্ট অনুসরণ করে পরিদর্শন কাযক্রম পরিচালনা করেন। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | সংশ্লিষ্ট রেকর্ড পরীক্ষা এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৩] উদ্বুদ্ধকরণ অনুষ্ঠান পরিচালনা | [২.৩.১] আয়োজিত উদ্বুদ্ধকরণ অনুষ্ঠান | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালযের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর নিয়মিতভাবে বাংলাদেশ শ্রম আইন অনুযায়ী কারখানা ও প্রতিষ্ঠানের মালিক, শ্রমিক-কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে উদ্বুদ্ধকরণ কাযক্রম পরিচালনা করে থাকে। এছাড়া শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ইউএনএফপিএ এর আর্থিক সহযোগিতায় বিজিএমইএ এর মাধ্যমে গার্মেন্টস কারখানায় কর্মরত মধ্যম পর্যায়ের ব্যবস্থাপক ও শ্রমিক কর্মচারীদের জেন্ডার বিষয়ে উদ্বুদ্ধকরণের জন্য "চেঞ্জিং" জেন্ডার নর্মস অব গার্মেন্ট এমপ্লয়িজ শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়ন করছে। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ইউএনএফপিএ ও বিজিএমইএ | সংশ্লিষ্ট রেকর্ড পরীক্ষা এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৪] শ্রম আইন ভঙ্গকারী কারখানা ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলা দায়ের | [২.৪.১] দায়েরকৃত মামলা | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কলকারখানা ও প্রতিষ্ঠানে শ্রম আইন ভংগকারীদের বিরুদ্ধে শ্রম আদালতে মামলা রুজু করে থাকে। | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | সংশ্লিষ্ট রেকর্ড পরীক্ষা এবং শ্রম ও কর্মসংস্থন মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৫] কারখানা ও প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদান ও নবায়ন | [২.৫.১] প্রদানকৃত লাইসেন্স | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক শ্রম আইন অনুসারে প্রাপ্ত আবেদনপত্র ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র নিরীক্ষা করে কলকারখানা ও প্রতিষ্ঠানসমূহকে লাইসেন্স প্রদান করা হয়। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | সংশ্লিষ্ট রেকর্ড পরীক্ষা এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| | [২.৫.২] নবায়নকৃত লাইসেন্স | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক শ্রম আইন অনুসারে প্রাপ্ত আবেদনপত্র ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র নিরীক্ষা করে কলকারখানা ও প্রতিষ্ঠানসমূহের নবায়ন করা হয়। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | সংশ্লিষ্ট রেকর্ড পরীক্ষা এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.১] দক্ষ জনশক্তি তৈরি, কর্মমুখী প্রশিক্ষণ প্রদান এবং বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন | [৩.১.১] প্রশিক্ষণে ও ওয়ার্কশপে অংশগ্রহণকারী | বাংলাদেশ সরকার ২০১১ সালে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি প্রণয়ন করেছে। এই নীতির আওতায় বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীকে প্রধান করে জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (এনএসডিসি) গঠন করা হয়েছে। এনএসডিসি বাংলাদেশের সমগ্র কারিগরি শিক্ষা ব্যবস্থার সমন্বয়ের দায়িত্ব পালন করে থাকে। এনএসডিসির আওতায় এনএসডিসি সচিবালয় প্রশাসনিক দায়িত্ব পালন করে থাকে। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও এনএসডিসি | সংশ্লিষ্ট রেকর্ড পরীক্ষা এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| | [৩.১.২] প্রশিক্ষণ ঘণ্টা | সরকারের প্রশিক্ষণ নীতিমালা অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়নের জন্য প্রতি বছর মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তরসমূহে ঘন্টা ভিত্তিক অভ্যন্তরীণ প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়ে থাকে। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম পরিদপ্তর, নিম্নতম মজুরি বোর্ড এবং এনএসডিসি সচিবালয় | সংশ্লিষ্ট রেকর্ড পরীক্ষা এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| | [৩.১.৩] প্রশিক্ষণার্থী | সরকারের প্রশিক্ষণ নীতিমালা অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়নের জন্য প্রতি বছর মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তরসমূহে জনবল ভিত্তিক অভ্যন্তরীণ প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়ে থাকে। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম পরিদপ্তর, নিম্নতম মজুরি বোর্ড এবং এনএসডিসি সচিবালয় | সংশ্লিষ্ট রেকর্ড পরীক্ষা এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| বিভাগ | স্থানীয় সরকার বিভাগ | অনুদানপ্রাপ্ত শ্রমিক ও তাদের পরিবারের সদস্য | সেবা ডিজিটাল সেন্টার ই-পোষ্ট সেন্টারের মাধ্যমে শ্রমিকদের অনুদানের আবেদন গ্রহণ। | স্থানীয় সরকার বিভাগ ও ডাক অধিদপ্তরের সেবা ডিজিটাল সেন্টার ও ই-পোষ্ট সেন্টারের মাধ্যমে খুব সহজেই সারা দেশে বিভিন্ন সেক্টরে কর্মরত শ্রমিকদের অনুদানের আবেদন গ্রহণ কার্যক্রম পরিচালনা খুব সহজে দ্রুত ও স্বল্প ব্যয়ে করা সম্ভব হবে। | শ্রমিক নিবন্ধন ও অনুদানের আবেদন গ্রহণ কার্যক্রম পরিচালনা করা স্বল্প সময়ে নির্ভুলভাবে সম্ভব হবে না |
| বিভাগ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | অনুদানপ্রাপ্ত শ্রমিক ও তাদের পরিবারের সদস্য | শ্রমিকদের অনুদান প্রাপ্তির জন্য সেবা ডিজিটাল সেন্টার ও ই-পোষ্ট এর মাধ্যমে আবেদন গ্রহণ। | সেবা ডিজিটাল সেন্টার ও ই-পোষ্ট সেন্টারের মাধ্যমে স্বল্প সময়ে শ্রমিকদের অনুদানের আবেদন গ্রহণ ও প্রক্রিয়াকরণ সম্ভব হবে। | সেবা ডিজিটাল সেন্টার ও ই-পোষ্ট সেন্টারের মাধ্যমে শ্রমিক নিবন্ধন ও অনুদানের আবেদন গ্রহণ সম্ভব না হলে স্বল্প সময়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ সম্ভব হবে না |